

Prime Minister's meeting with President of USA and President of Indonesia on the sidelines of G-20

Summit in Bali

November 15, 2022

বালিতে জি-২০ শিখর সম্মেলনের পাশাপাশি মার্কিন রাষ্ট্রপতি ও ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

নভেম্বর 15, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বালিতে জি২০ শিখর সম্মেলনের পাশাপাশি মার্কিন রাষ্ট্রপতি জোসেফ আর বাইডেন ও ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি জোকো উইডোডো-র সঙ্গে সাক্ষাৎ করেছেন।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, আন্তর্জাতিক অর্থনৈতিক সহযোগিতার জন্য জি২০-র গুরুত্বপূর্ণ মঞ্চ। তিনি বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় জি২০-র দেশগুলিকে একযোগে কাজ করার বিষয়টির ওপর জোর দেন। জলবায়ু, শক্তি এবং খাদ্য সংকট সমস্যা মোকাবিলায় একযোগে কাজ করতে হবে বলেও তিনি মন্তব্য করেন।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, জি২০-র সভাপতিত্বকালে ভারত অন্য উন্নয়নশীল দেশগুলির কণ্ঠ হয়ে উঠবে। তিনি কম শক্তিশালী দেশগুলির সাহায্যের জন্য আর্থিক সুরক্ষা এবং সামগ্রিক সরবরাহ শৃঙ্খল মজবুত করার ওপর জোর দেন। প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তন, অতিমারী, অর্থনৈতিক অচলাবস্থা এবং সাম্প্রতিক দারিদ্রতা পরিস্থিতি মোকাবিলায় সমাধানের জন্য বহুপাক্ষিক অর্থনৈতিক সমাধানের ওপর বিশেষ গুরুত্ব দেন।

প্রধানমন্ত্রী ভারতের সভাপতিত্বে জি২০-র কাজে সমর্থন জানানোয় রাষ্ট্রপতি উইডোডো ও রাষ্ট্রপতি বাইডেনকে ধন্যবাদ জানান।

বালি

নভেম্বর 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.